31

দৈনিক ইত্তেফাক

তারিখ 0 ১ OCT 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

ডিগ্রী পরীক্ষার ফল স্থগিত

# ১১৩ জন শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

সিরাজগঞ্জ সংবাদদাতা ॥ পরীক্ষার ফল জানিতে না পারায় সিরাজগঞ্জ সরকারী কলেজের ১১৩ জন শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ সালের শিক্ষাবর্ষে (ডিগ্রী পাস) পরীক্ষায় সিরাজগঞ্জ সরকারী কলেজ হইতে ১১৩ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। ফল প্রকাশের পর ছাত্ররা জানিতে পারে এই কলেজের ফল স্থগিত রাখা

( ৯ম পৃঃ দ্রঃ )

## ফলাফল স্থগিত

(৩য় পৃঃ পর)

হইয়াছে। পরীক্ষার ফল ঘোষণার দুই মাসাধিককাল সময় অতিবাহিত হইবার পরেও উক্ত কলেজের ফল জানানো হয় নাই। ফলে উত্তীর্ণ ছাত্ররা যেমন ভর্তি হইতে পারে নাই তেমনি অনেক ছাত্র পুনরায় অংশগ্রহণও করিতে পারিতেছে না। কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিয়াও কোন উত্তর পাইতেছে না। স্থগিত পরীক্ষার ফলাফল ঘোষণার দাবী করিয়া ছাত্ররাও আবেদন-নিবেদন করিয়াছে।